# অধ্যায়-৮ : নগদান বই

২১৪. একঘরা নগদান বই সর্বদা কোনটি প্রকাশ করে?
ক ডেবিট উদ্বৃত্ত খ ক্রেডিট উদ্বৃত্ত
গ ব্যবসায়ের মুনাফা ঘ ব্যবসায়ের ক্ষতি ক

২১৫. কোন বাট্টা তিনঘরা নগদান বইতে লিপিবদ্ধ হয়? (জ্ঞান)
ক ক্রয় বাট্টা খ প্রদত্ত বাট্টা
গ বিক্রয় বাট্টা ঘ কারবারি বাট্টা খ

২১৬. কোন বই হিসাবের প্রাথমিক বই হওয়া সত্ত্বেও এটি পাকা বইয়ের ন্যায় কাজ করে? (জ্ঞান)
ক জাবেদা বই খ নগদান বই
গ খতিয়ান বই ঘ রেওয়ামিল খ

২১৭. নগদান বইয়ের সমাপনী ব্যালেন্স কী নির্দেশ করে? (অনুধাবন)
ক হাতে নগদ তহবিল খ ঘাটতি তহবিল
গ ব্যাংকে নগদ তহবিল ঘ ক্রেডিট কলাম ক

২১৮. নগদান বইকে কী বলা হয়? (অনুধাবন)
ক জাবেদা ও খতিয়ান উভয়ই
খ জাবেদা
গ খতিয়ান ঘ রেওয়ামিল ক

২১৯. নগদান বইয়ের জের প্রধানত কীভাবে নির্ণয় করা হয়? (জ্ঞান)
ক দৈনিক ভিত্তিতে খ সাপ্তাহিক ভিত্তিতে
গ মাসিক ভিত্তিতে ঘ বার্ষিক ভিত্তিতে ক

২২০. কোনটি ব্যবসায়ের চালিকা শক্তি? (জ্ঞান)
ক মালিক খ নগদ অর্থ
গ সম্পদ ঘ জনশক্তি খ

২২১. নগদ তহবিলের উপর পূর্ণ নিয়ন্ত্রণ রাখতে কোন বিষয়টি সবচেয়ে বেশি জরুরি? (উচ্চতর দক্ষতা)
ক নগদ লেনদেনগুলো আলাদাভাবে সংরক্ষণ করা
খ ক্যাশ বাক্স কড়া নিরাপত্তায় রাখা
গ ক্যাশিয়ার নিয়োগ করা
ঘ নগদে লেনদেনের ক্ষেত্রে রক্ষণশীল হওয়া ক

২২২. জাবেদা ও নগদান বইয়ের ছকে নিচের কোন মিলটি পাওয়া যায়? (জ্ঞান)
ক রশিদ নং খ ভাউচার নং
গ চালান নং ঘ খতিয়ান পৃষ্ঠা নং ঘ

২২৩. নগদান বইয়ের জের কীরূপ হতে পারে? (জ্ঞান)
ক ডেবিট খ ক্রেডিট
গ শূন্য ঘ ডেবিট বা শূন্য ঘ

২২৪. অপেক্ষাকৃত ক্ষুদ্র আয়তনের ব্যবসায় প্রতিষ্ঠানসমূহ কোন ধরনের নগদান বই প্রস্তুত করে? (অনুধাবন)
ক তিনঘরা খ দুই ঘরা
গ একঘরা ঘ খুচরা গ

২২৫. ক্যাশবুকের ক্রেডিট দিকে কী লেখা হয়? (জ্ঞান)
ক ডেবিট ভাউচার খ ক্রেডিট ভাউচার
গ ডেবিট নোট ঘ ক্রেডিট নোট ক

২২৬. কোনটি সর্বদা Debit Balance প্রকাশ করে?
ক একঘরা নগদান বই
খ দুইঘরা নগদান বই
গ তিনঘরা নগদান বই
ঘ খুচরা নগদান বই ক

২২৭. একঘরা নগদান বইতে বাট্টা প্রদান ও বাট্টা প্রাপ্তি কোন দিকে লিপিবদ্ধ করা হয়? (জ্ঞান)
ক ডেবিট দিকে খ ক্রেডিট দিকে
গ বহির্ভূত থাকবে ঘ উভয় দিকে গ

২২৮. বাহক চেক প্রাপ্তি একঘরা নগদান বইয়ের কোন দিকে লেখা হয়? (জ্ঞান)
ক ডেবিট খ ক্রেডিট
গ ডেবিট ও ক্রেডিট ঘ ডেবিট বা ক্রেডিট ক

২২৯. কোনটি দুইঘরা নগদান বইয়ে দেখানো হয়?
ক নগদ বাট্টা খ ক্রয় বাট্টা
গ কারবারি বাট্টা ঘ ব্যাংক জমা ঘ

২৩০. কোনটিকে আমানতকারীর ব্যাংক হিসাবের প্রতিচ্ছবি বলা হয়? (জ্ঞান)
ক জমা রশিদ খ স্থায়ী আমানত
গ চলতি আমানত ঘ নগদান বই ঘ

২৩১. প্রাপ্ত চেক কীসের শামিল? (জ্ঞান)
ক ব্যাংক জমা খ বিনিময় বিল
গ ব্যাংক জমাতিরিক্ত ঘ নগদ অর্থ ক

২৩২. পণ্য বিক্রয় বা পাওনা আদায় বাবদ প্রতিষ্ঠান চেক পেলে তা কী হিসাবে গণ্য হবে? (অনুধাবন)
ক বাহক চেক খ খোলা চেক
গ দাগকাটা চেক ঘ হুকুম চেক গ

২৩৩. দুইঘরা নগদান বহিতে মোট ঘরের সংখ্যা কতটি? (জ্ঞান)
ক ৮টি খ ১০টি
গ ১২টি ঘ ১৪টি গ

২৩৪. কোন বাট্টা নগদান বইয়ের ডেবিট দিকে লিখা হয়? (জ্ঞান)
ক ক্রয় বাট্টা খ বিক্রয় বাট্টা
গ প্রাপ্ত বাট্টা ঘ প্রদত্ত বাট্টা ঘ

২৩৫. মালিক ও ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক হতে টাকা উত্তোলন করা হলো। এদের মধ্যে কী পার্থক্য থাকতে পারে? (প্রয়োগ)
ক এদের উভয়ই সাধারণ দাখিলা
খ একটি সাধারণ ও অপরটি বিপরীত দাখিলা
গ এদের উভয়ই বিপরীত দাখিলা
ঘ এদের মধ্যে কোনো পার্থক্য নেই খ

http://teachingbd.com

**২৩৬. বাহক চেক পেয়ে সেদিনই ব্যাংকে জমা না দিলে কী হবে?** *(জ্ঞান)*
ক) ব্যাংক হিসাব ডেবিট হবে
খ) নগদান হিসাব ডেবিট হবে
গ) ব্যাংক হিসাব ক্রেডিট হবে
ঘ) চেক হিসাব ক্রেডিট হবে **খ**

**২৩৭. কন্ট্রা এন্ট্রির অপর নাম বা অর্থ কী?** *(জ্ঞান)*
ক) বিপরীত দাখিলা খ) সমন্বয় দাখিলা
গ) দুটি দাখিলা ঘ) প্রারম্ভিক দাখিলা **ক**

**২৩৮. বিপরীত দাখিলায় একটি হিসাব ডেবিট হলে অন্য হিসাবটি কী হবে?** *(জ্ঞান)*
ক) ক্রেডিট খ) ডেবিট
গ) ডেবিট ও ক্রেডিট উভয়ই
ঘ) ডেবিট অথবা ক্রেডিট **ক**

**২৩৯. ব্যাংকে জমার পরিমাণ অপেক্ষা বেশি উত্তোলন করা হলে সৃষ্টি হয় —** *(উচ্চতর দক্ষতা)*
i. ব্যাংক উদ্বৃত্ত
ii. ব্যাংক জমাতিরিক্ত
iii. ব্যাংক ওভার ড্রাফট
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **গ**

**২৪০. কন্ট্রা দাখিলা হচ্ছে —** *(অনুধাবন)*
i. ব্যাংকে জমা দেয়া হলো
ii. ব্যাংক হতে উত্তোলন করা হলো
iii. পূর্বের কোনো দিনে প্রাপ্ত চেক ব্যাংকে জমা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

**২৪১. কোন নগদান বইতে ব্যাংক ও বাট্টা সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করা হয়?** *(জ্ঞান)*
ক) একঘরা নগদান বহি
খ) দুঘরা নগদান বহি
গ) তিনঘরা নগদান বহি
ঘ) খুচরা নগদান বহি **গ**

**২৪২. কোনো দ্রব্যের তালিকা মূল্যের ওপর যে বাট্টা হিসাব করা হয় তাকে কী বলে?** *(জ্ঞান)*
ক) প্রদত্ত বাট্টা খ) প্রাপ্ত বাট্টা
গ) নগদ বাট্টা ঘ) কারবারি বাট্টা **ঘ**

**২৪৩. কোন বাট্টা নগদান বইতে নিষ্প্রয়োজন?** *(জ্ঞান)*
ক) নগদ বাট্টা খ) কারবারি বাট্টা
গ) প্রাপ্ত বাট্টা ঘ) প্রদত্ত বাট্টা **খ**

**২৪৪. কারবারি বাট্টা নগদান বইয়ের কোন দিকে বসে?** *(জ্ঞান)*
ক) ডেবিট দিকে খ) ক্রেডিট দিকে
গ) উভয় দিকে ঘ) কোনো দিকে নয় **ঘ**

**২৪৫. প্রাপ্ত বাট্টা ক্রেতার জন্য কী?** *(জ্ঞান)*
ক) দায় খ) আয়
গ) ব্যয় ঘ) সম্পদ **খ**

**২৪৬. বাট্টা কাকে প্রদত্ত হয়?** *(জ্ঞান)*
ক) অংশীদারকে খ) পাওনাদারকে
গ) দেনাদারকে ঘ) পাইকারকে **গ**

**২৪৭. নগদান বইয়ের প্রাপ্ত বাট্টা ও প্রদত্ত বাট্টা কলামের —** *(অনুধাবন)*
i. যোগফল বের করতে হয়
ii. Balance বের করতে হয়
iii. পৃথক দুটি মুনাফা জাতীয় হিসাব বিধায় জের নির্ণয় করা হয় না
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **খ**

**২৪৮. নগদান বইয়ের ব্যাংক উদ্বৃত্ত ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত গড়মিলের কারণ—** *(উচ্চতর দক্ষতা)*
i. চেক প্রত্যাখ্যান ii. ব্যাংক জমার সুদ
iii. ব্যাংক চার্জ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

http://teachingbd.com